COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 6th Semester Examinations, 2022

BENGALI

DSE-3

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

The question paper contains paper DSE-3A and DSE-3B.
The candidates are required to answer any *one* from *two* papers.
Candidates should mention it clearly on the Answer Book.

DSE-3A

বিশ শতকের বাংলা নাটক

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'মেবার পতন' নাটকের দ্বিতীয় অঙ্কে ক'টি দৃশ্য রয়েছে ?

(খ) মেবারের ধ্বজার বর্ণ কী প্রকার ?

(গ) মেবার রাজপুতরা কার বংশধর ছিলেন ?

(ঘ) শ্রীনাথ ও সুহাসিনী - এদের মেয়ের নাম কী ?

(ঙ) হেদায়েৎ আলি খাঁর পরিচয় কী ?

(চ) 'দৌবারিক' শব্দের অর্থ কী ?

(ছ) মালতী কে ?

(জ) 'ছাউনি' নাটকের দ্বিতীয় দৃশ্য কোথায় ঘটেছে ?

(ঝ) 'ছাউনি' কোন্ শ্রেণীর নাটক ?

(ঞ) রবীন্দ্রনাথের দুটি রূপক-সাংকেতিক নাটকের নাম লেখো।

(ট) পথনাটক কাকে বলে ?

(ঠ) গণনাটক কাকে বলে ?

(ড) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের তিনটি ঐতিহাসিক নাটকের নামোল্লেখ করো।

(ঢ) নাট্যকার বরেন বসুর দুটি নাটকের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) কল্যাণী চরিত্রের পরিচয় দাও।

(খ) টীকা লেখোঃ ঐতিহাসিক নাটক

(গ) নাট্যকার বরেন বসু সম্পর্কে কী জানো লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) রূপক সাংকেতিক নাটকের উদাহরণসহ বৈশিষ্ট্য লেখো।

(খ) 'মেবার পতন' নাটকে স্ত্রী চরিত্রের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

(গ) 'ছাউনি' নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'ছাউনি' নাটকটির যে পটভূমিকাকে তুলে ধরা হয়েছে– তা কতটা যথাযথ হয়েছে, এ বিষয়ে তোমার যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

(খ) 'মেবার পতন' নাটকের ঐতিহাসিকতা সম্পর্কে আলোচনা করো।

(গ) বাংলা নাট্যসাহিত্যে নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান আলোচনা করো।

DSE-3B

বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনি

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) বাংলা গোয়েন্দা গল্পের প্রথম লেখক হিসেবে কার নাম করা হয় ?

(খ) রূপকথার সাথে কল্পবিজ্ঞানের পার্থক্য কোথায় ?

(গ) দু'জন বাংলা কল্পবিজ্ঞানের লেখকের নাম করো।

(ঘ) বিজ্ঞাননির্ভর বাংলা কাহিনির প্রবর্তক কে ?

(ঙ) গোয়েন্দা গল্পের ভিত্তি কোন্ কোন্ বিষয়ের উপর দাঁড়ানো থাকে ?

(চ) দীনেন্দ্রকুমার রায়, হেমেন্দ্রকুমার রায়, নীহাররঞ্জন গুপ্ত, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায় – এই গল্পকারদের মধ্যে মিল কোথায় ?

(ছ) 'পিঁপড়ে পুরাণ' বইটির লেখকের নাম কী ?

(জ) বাংলা সাহিত্যের দু'জন গোয়েন্দা চরিত্রের নাম করো।

(ঝ) বৈজ্ঞানিক চিন্তাভাবনার সঞ্চার করেছিলেন গোয়েন্দা কাহিনিতে – এমন একজন লেখকের নাম করো।

(ঞ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায় সৃষ্ট গোয়েন্দা চরিত্রটির নাম কী ?

(ট) সত্যজিৎ রায়ের 'শঙ্কু ও হাড়' - কোন্ শ্রেণির রচনা ?

(ঠ) 'সজারুর কাঁটা' গল্পের গোয়েন্দার নাম কী ?

(ড) প্রেমেন্দ্র মিত্রের সৃষ্ট প্রবাদপ্রতিম মামাবাবু চরিত্রটি প্রথম কোন্ রচনাতে পাই ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) টীকা লেখোঃ কল্পবিজ্ঞান ও প্রেমেন্দ্র মিত্র

(খ) টীকা লেখোঃ অপরাধ ও আইন

(গ) গোয়েন্দা কাহিনির লেখক শরদিন্দু বন্দ্যোপাধায় সম্পর্কে সংক্ষেপে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) অপরাধপরায়ণতার কারণগুলি নির্দেশ করো। যে-কোনো দুটি কারণ বিস্তারিত আলোচনা করো।

(খ) 'আকাশের আতঙ্ক' গল্পে প্রেমেন্দ্র মিত্র যে দিকটি দেখাতে চেয়েছেন, তার বর্ণনা দাও।

(গ) কল্পবিজ্ঞান কি বিজ্ঞান — না বিজ্ঞানাতীত কোনো কল্পনার উপর নির্ভরশীল কাহিনি — তোমার মতামতসহ আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।

(খ) 'ছত্রপতির ছোরা' গল্পের রসগ্রাহী আলোচনা করো।

(গ) 'আকাশের আতঙ্ক' গল্পের মূল বিষয়বস্তু আলোচনা করে কল্পবিজ্ঞানের গল্প হিসেবে সেটি কতটা সার্থক হয়েছে দেখাও।

——×——